

## U.G. 1st Semester Examination - 2023

### BENGALI

[MAJOR]

Course Code : BBNGMAJ01T

Course Title : বাংলা সাহিত্যের ইতিহাস (১০ম-১৮শ শতাব্দী পর্যন্ত)

[NEP-20]

পূর্ণমান : ৭৫

সময় : ৩ ঘন্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

- ১। যে-কোনো পনেরোটি প্রশ্নের উত্তর দাও : ২×১৫=৩০
- ক) হরপ্রসাদ শাস্ত্রী তার আবিষ্কৃত চর্যাপদ সংকলনটির কী নাম দিয়েছিলেন? চর্যার ঢীকাকার কে?
- খ) 'সঙ্ক্যা' ভাষা কী?
- গ) তুর্কি বিজয়ের দুটি ফলাফল লেখো।
- ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের প্রথম খন্ডের নাম লেখো। ত্রয়োদশ খণ্ডটির নাম কী?
- ঙ) বঙ্গদেশে তুর্কি আক্রমণের সময় বাংলার শাসক কে ছিলেন? তাঁর রাজধানী কোথায় ছিল?
- চ) মঙ্গলকাব্যের দুটি বৈশিষ্ট্য লেখো।
- ছ) প্রাক-চেতন্য যুগের দু'জন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।

- জ) মহাভারতের প্রথম বাংলা অনুবাদক কে? তাঁর গ্রন্থটির নাম লেখো।
- ঝ) অনুবাদ সাহিত্যের ধারা শুরু হওয়ার দুটি কারণ লেখো।
- ঞ) মালাধর বসু অনূদিত ভাগবতের বিভিন্ন নামগুলি লেখো।
- ট) কবি কেতকাদাসের রচনার দুটি বৈশিষ্ট্য লেখো।
- ঠ) সপ্তদশ শতাব্দীর আরাকান রাজসভার দুজন বিখ্যাত বাঙালি মুসলমান কবির নাম লেখো।
- ড) সপ্তদশ শতাব্দীর মুসলমান সাহিত্যে কী নতুনত্ব দেখা গেল?
- ঢ) বাংলার জাতীয় কাব্য কোনটি? এই কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে?
- ণ) বাংলা টপ্পা গানের শ্রেষ্ঠ রচয়িতা কে? মাতৃভাষার প্রতি তাঁর অনুরাগের একটি নিদর্শন দাও।
- ত) গাথার সংজ্ঞা লেখো।
- থ) বঙ্গদেশের শ্রেষ্ঠ পাঁচালিকার কে? তার জীবনী সংগ্রহ করেছিলেন কোন্ কবি?
- দ) কোন্ কোন্ পর্বায়ে বিদ্যাপতির পদাবলির শ্রেষ্ঠত্ব পরিলক্ষিত হয়?
- ধ) গোবিন্দদাসের পদাবলির দুটি বিশেষত্ব লেখো।
- ন) বাংলা রামায়ণের প্রথম মহিলা কবি কে? তাঁর পিতার নাম লেখো।
- প) 'অন্নদামঙ্গল' কাব্যের তিনটি খণ্ডের নাম লেখো।
- ফ) 'অন্নদামঙ্গল' কাব্যে ব্যবহৃত দুটি কালজয়ী প্রবাদ উদ্ধার করো।
- ব) দুজন বিখ্যাত কবিওয়ালার নাম লেখো।

২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৫ = ২৫$

- ক) চর্যাঙ্গীতির ধর্মীয় প্রেক্ষিতটি সংক্ষেপে আলোচনা করো।
- খ) বাংলা সাহিত্যে তুর্কি আক্রমণের প্রভাব বিবৃত করো।
- গ) কবি চণ্ডীদাস ও তাঁর পদাবলি সম্পর্কে সংক্ষিপ্ত নিবন্ধ লেখো।
- ঘ) চৈতন্য জীবনী কাব্যগুলিকে জীবনী (biography) না বলে সন্তজীবনী (hagiography) বলা হয় কেন?
- ঙ) বাংলাসাহিত্যে 'মহারাষ্ট্রপুরাণ' গ্রন্থটির গুরুত্ব আলোচনা করো।
- চ) চণ্ডীমঙ্গল কাব্যে কবি মুকুন্দ চক্রবর্তীর বাস্তবতাবোধ কেমন করে ফুটে উঠেছে তা দেখাও।
- ছ) আদি মধ্যযুগের বাংলাসাহিত্যে ভাগবতের অনুবাদ সম্পর্কে একটি প্রবন্ধ লেখো।
- জ) রামায়ণের অনুবাদে কবি কৃষ্ণিবাসের কৃতিত্ব বিবৃত করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$

- ক) কালীদাসের মহাভারত অনুবাদের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
- খ) ভারতচন্দ্রকে 'রাজসভার কবি' বলা হয় কেন আলোচনা করো।
- গ) সপ্তদশ শতাব্দীর আরাকান রাজসভার মুসলমান কবি ও তাঁদের কাব্যচর্চার বিশেষত্ব আলোচনা করো।
- ঘ) চৈতন্য-পূর্ববর্তী ও চৈতন্য-পরবর্তী বৈষ্ণব পদাবলির তুলনামূলক আলোচনার সূত্রে উভয় ধারার পার্থক্য নিরূপণ করো।